



বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়  
BANGLADESH OPEN UNIVERSITY  
তথ্য ও গণসংযোগ বিভাগ  
গাজীপুর-১৭০৫, ফোন : ৯২৯১১১৯

“শিক্ষা নিয়ে গড়ব দেশ  
শেখ হাসিনার বাংলাদেশ”



## প্রেস রিলিজ

১৯ জুন ২০২২

### বাউবিতে এমএ এবং এমএসএস প্রোগ্রামের বই/মড্যুল প্রণয়ন সংক্রান্ত কর্মশালা অনুষ্ঠিত

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়ের সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুল কর্তৃক পরিচালিত এমএ (বাংলা ভাষা ও সাহিত্য, ইতিহাস, দর্শন, ইসলামিক স্টাডিজ) এবং এমএসএস (রাষ্ট্রবিজ্ঞান, সমাজতত্ত্ব) বিষয়ের পাঠ্যবই প্রণয়ন সংক্রান্ত লেখকগণের দিনব্যাপী এক কর্মশালা গাজীপুরস্থ ক্যাম্পাসের সম্মেলন কক্ষে আজ ১৯ জুন ২০২২ রবিবার অনুষ্ঠিত হয়। কর্মশালার প্রধান অতিথি বাউবি'র উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার বলেন, মড্যুল ভিত্তিক পাঠ্যক্রম খুবই প্রয়োজন। বর্তমান যুগে মড্যুল ভিত্তিক পাঠ্যক্রম আউট কাম বেইজ হতে হবে। উপাচার্য আরো বলেন মড্যুলগুলো এমনভাবে প্রণয়ন/উপস্থাপন করতে হবে, যা সংশ্লিষ্টরা সহজেই বুঝতে পারে।



এমএ এবং এমএসএস প্রোগ্রামের বই/মড্যুল প্রণয়ন সংক্রান্ত কর্মশালায় বক্তব্য রাখছেন উপাচার্য অধ্যাপক ড. সৈয়দ হুমায়ুন আখতার।

সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুলের ডিন অধ্যাপক ড. মোঃ জাহাঙ্গীর আলম এর সভাপতিত্বে কর্মশালায় বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন প্রো-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মাহবুবা নাসরীন। অনুষ্ঠান সঞ্চালনায় ছিলেন সামাজিক বিজ্ঞান, মানবিক ও ভাষা স্কুলের সহকারী অধ্যাপক সানজিদা মুস্তাফিজ। উক্ত কর্মশালায় ১৩০ জন লেখক অংশগ্রহণ করেন।

স্বাক্ষর

(ড. মেজবাহ উদ্দিন তুহিন)

পরিচালক (ভারপ্রাপ্ত)

মোবাইল ০১৭১২৫৯৯৫০৪